

[PRINT](#)

# সমকালে

## শেকুবির প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

১০ ঘণ্টা আগে

### শেকুবি প্রতিনিধি

বেলুন, পায়রা ওড়ানো, কেক কাটা, খেলাধূলাসহ নানা আয়োজনে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকুবি) ১৮তম প্রতিষ্ঠাবার্ষিকী ও বিশ্ববিদ্যালয় দিবস উদযাপিত হয়েছে। এর আগে এ উপলক্ষে দু'দিনব্যাপী কর্মসূচি গ্রহণ করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল রোববার কর্মসূচির প্রথম দিনে সকাল সাড়ে ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদের সামনে জাতীয় সঙ্গীত ও জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয় দিবসের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ।

এরপর উপাচার্য বেলুন ও পায়রা উড়িয়ে কেক কেটে অনুষ্ঠান শুরু করেন। পরে একাডেমিক ভবন থেকে ক্যাম্পাসে বর্ণাত্য শোভাযাত্রা বের করা হয়। ছাত্র পরামর্শ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. মো. মিজানুর রহমানের পরিচালনায় কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. সেকেন্দার আলী, ট্রেজারার অধ্যাপক ড. মো. আনোয়ারুল হক বেগসহ প্রাক্তন ও বর্তমান ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা।

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)

